

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১২

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَابِ الْمَلَاحِمِ)

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تُقَاتِلُوا خُوزًا وَكِرْمَانَ مِنَ الْأَعَاجِمِ حُمْرَ الْوُجُوهِ فُطْسَ الْأُنُوفِ صِغَارَ الْأَعْيُنِ وُجُوهُهُمُ الْمَجَانُّ الْمُطْرَقَةُ نِعَالُهُمُ الشّعْر» . رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (3590) ـ (صَحِيح)

#### বাংলা

৫৪১২-[৩] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে পর্যন্ত তোমরা আজমী 'খূয ও কিরমান' জাতির সাথে যুদ্ধ করবে না, সে পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না। তাদের চেহারা হবে লাল বর্ণের, চ্যাপ্টা নাক, ছোট চক্ষুবিশষ্ট এবং মুখমণ্ডল হবে পরতে পরতে ভাঁজ চামড়ার ঢালের মতো। আর তাদের জুতা হবে পশমের। (বুখারী)

## ফুটনোট

সহীহ: বুখারী ৩৫৯০, সহীহুল জামি' ৭৪১৫, সহীহ ইবনু হিব্বান ৬৭৪৩, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪৭০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : এখানে 'খূয' এবং 'কিরমান'- এ দু'টি নগরী তুর্কীর অন্তর্ভুক্ত নয়। খূয' হলো 'ইরাকের অনারব একটি অঞ্চল। কারো মতে খূয' হলো অনারবদের একটা শ্রেণিমাত্র। আর কিরমান হলো অনারবদের একটি প্রসিদ্ধ নগরী



যা খুরাসান ও ভারত সাগরের মাঝামাঝিতে অবস্থিত। (ফাতহুল বারী ৬/৪০১ পৃ., হা. ৩৫৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন